মনে রাখি
- বাম থেকে ডানে হিসাব করতে হয়।
- প্রথমে গুণ ও ভাগের এবং সর্বশেষ যোগ ও বিয়োগের কাজ করা হয়।
- বন্ধনীর থাকলে বন্ধনীর ভিতরের অংশের হিসাব আগে করতে হয়।
- প্রথমে প্রথম বন্ধনী, পরে দ্বিতীয় বন্ধনী এবং শেষে তৃতীয় বন্ধনীর কাজ করা হয়।

উদাহরণ ১। সরল কর : ২৫ ÷ ৫ × [৫ × {২৪ ÷ (১৮ – ১৫)}]

সমাধান :

২৫ ÷ ৫ × [৫ × {২৪ ÷ (১৮ – ১৫)}]
= ২৫ ÷ ৫ × [৫ × {২৪ ÷ ৩}]
= ২৫ ÷ ৫ × [৫ × ৮]
= ২৫ ÷ ৫ × ৪০
= ৫ × ৪০
= ২০০

উদাহরণ ২। সরল কর : ৭৮ – [৫৬ + {১৬৫ – (৪৮ ÷ ৬ × ৯) × ২}]

সমাধান :

৭৮ - [৫৬ + {১৬৫ – (৪৮ ÷ ৬ × ৯) × ২}]
= ৭৮ - [৫৬ + {১৬৫ – (৮ × ৯) × ২}]
= ৭৮ - [৫৬ + {১৬৫ – ৭২ × ২}]
= ৭৮ - [৫৬ + {১৬৫ – ১৪৪}]
= ৭৮ - [৫৬ + ২১]
= ৭৮ - ৭৭
= ১

উদাহরণ ৩। সরল কর : ৪৮ ÷ [৪ + ২৮ ÷ {৪ + ১২ ÷ (৭ – ৩)}]

সমাধান :

৪৮ ÷ [৪ + ২৮ ÷ {৪ + ১২ ÷ (৭ – ৩)}]
= ৪৮ ÷ [৪ + ২৮ ÷ {৪ + ১২ ÷ ৪}]
= ৪৮ ÷ [৪ + ২৮ ÷ {৪ + ৩}]
= ৪৮ ÷ [৪ + ২৮ ÷ ৭]
= ৪৮ ÷ [৪ + ৪]
= ৪৮ ÷ ৮
= ৬

www.OnLineCoaching.com.bd

উদাহরণ ৪। সরল কর : (৩৬ ÷ ৩) × {৪ (৫ + ৪ – ৮ + ১)}

সমাধান :

(৩৬ ÷ ৩) × {৪ (৫ + ৪ – ৮ + ১)}
= ১২ × {৪ (৫ + ৪ – ৮ + ১)}
= ১২ × {৪ (৫ + ৪ + ১ – ৮)}
= ১২ × {৪ (১০ – ৮)}
= ১২ × {৪ × ২}
= ১২ × ৮
= ৯৬

উদাহরণ ৫। ৬টি চেয়ার ও ৪টি টেবিলের মূল্য একত্রে ৯৫৭০ টাকা। একটি চেয়ারের মূল্য ৬৭৫ টাকা হলে, একটি টেবিলের মূল্য কত?

সমাধান :

১টি চেয়ারের মূল্য ৬৭৫ টাকা
∴ ৬টি চেয়ারের মূল্য (৬৭৫ × ৬) টাকা
= ৪০৫০ টাকা
৬টি চেয়ারের মূল্য ও ৪টি টেবিলের মূল্য একত্রে ৯৫৭০ টাকা
৬টি চেয়ারের মূল্য ৪০৫০ টাকা
∴ ৪টি টেবিলের মূল্য = (৯৫৭০ - ৪০৫০) টাকা
= ৫৫২০ টাকা
∴ ১টি টেবিলের মূল্য (৫৫২০ ÷ ৪) টাকা
= ১৩৮০ টাকা

সুতারাং, একটি টেবিলের মূল্য ১৩৮০ টাকা।

উদাহরণ ৬। কোনো ভাগ অঙ্কে ভাজক ৭৮, ভাগফল ২৫ এবং ভাগশেষ ভাজকের তিন ভাগের এক ভাগ, ভাজ্য কত?

সমাধান :

আমরা জানি,
ভাজ্য = ভাজক × ভাগফল + ভাগশেষ
= ৭৮ × ২৫ + (৭৮ ÷ ৩)
= ১৯৫০ + ২৬
= ১৯৭৬

সুতারাং ভাজ্য ১৯৭৬।

www.OnLineCoaching.com.bd

অনুশীলনী ৩(খ)

১। বিয়োজন ৯৮৫২১৪ এবং বিয়োজ্য ৯৭৪৬৫ হলে, বিয়োগফল কত?

সমাধান :

আমরা জানি, বিয়োগফল = বিয়োজন – বিয়োজ্য
= ৯৮৫২১৪ – ৯৭৪৬৫
= ৮৮৭৭৪৯

সুতারাং বিয়োগফল ৮৮৭৭৪৯।

২। কোনো সংখ্যা থেকে ৬৮৯৭৫ বিয়োগ করলে বিয়োগফল ৭৯৪৭৬৮ হয়। সংখ্যাটি কত?

সমাধান :

আমরা জানি, বিয়োজন = বিয়োজ্য + বিয়োগফল
= ৬৮৯৭৫ + ৭৯৪৭৬৮
= ৮৬৩৭৪৩

সুতারাং সংখ্যাটি ৮৬৩৭৪৩।

৩। ছয় অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা থেকে পাঁচ অঙ্কের বৃহত্তম সংখ্যা বিয়োগ কর?

সমাধান :

ছয় অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা = ১০০০০০
পাঁচ অঙ্কের বৃহত্তম সংখ্যা = ৯৯৯৯৯

বিয়োগফল = ১

সুতারাং বিয়োগফল ১।

৪। চার অঙ্কের বৃহত্তম সংখ্যার সাথে কত যোগ করলে যোগফল ৯ লক্ষ হবে?

সমাধান :

নয় লক্ষ = ৯০০০০০
চার অঙ্কের বৃহত্তম সংখ্যা = ৯৯৯৯

যোগ করতে হবে = ৮৯০০০১

সুতারাং যোগ করতে হবে ৮৯০০০১।

৫। ৬, ৮, ৯, ৫, ০, ৪ অঙ্কগুলোর প্রত্যেকটি একবার ব্যবহার করে গঠিত ছয় অঙ্কের বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যার বিয়োগফল কত?

সমাধান :

৬, ৮, ৯, ৫, ০, ৪ অঙ্ক দ্বারা গঠিত বৃহত্তম সংখ্যা = ৯৮৬৫৪০
৬, ৮, ৯, ৫, ০, ৪ অঙ্ক দ্বারা গঠিত ক্ষুদ্রতম সংখ্যা = ৪০৫৬৮৯

ঘরে বসে অলাইন MCQ Test দিয়ে সারা বাংলাদেশে বিভিন্ন ধরনের ছাত্র/ছাত্রীদের সাথে সহজে তুলনা করুন
PSC, JSC, SSC & HSC একাডেমিক, Medical, Varsity Admission Test & BCS Preliminary Program
www.onlinecoacing.com.bd, info@onlinecoaching.com.bd, 01716599325

বিয়োগফল = ৫৮০৮৫১

সুতারাং বিয়োগফল ৫৮০৮৫১ ।

৬। রাজুর বাবা ২৫৮৩০ টাকার ধান, ৩০৬৪৫ টাকার গম ও ৯৭৮৬ টাকার ছোলা বিক্রয় করলেন এবং ৪৫৯২৭ টাকার পাট কিনলেন। তাঁর নিকট কত টাকা রইল?

সমাধান :

ধান বিক্রয়	২৫৮৩০ টাকা
গম বিক্রয়	৩০৬৪৫ টাকা
ছোলা বিক্রয়	৯৭৮৬ টাকা
মোট বিক্রয়	৬৬২৬১ টাকা
পাট ক্রয়	৪৫৯২৭ টাকা
তাঁর নিকট রইল	২০৩৩৪ টাকা

সুতারাং তাঁর নিকট রইল ২০৩৩৪ টাকা ।

৭। একটি বিদ্যালয়ে ৭৮৫ জন শিক্ষার্থী ছিল। বছরের প্রথমে ১৪২ জন শিক্ষার্থী বিদ্যালয় থেকে চলে গেল এবং ২৫০ জন শিক্ষার্থী নতুন ভর্তি হলো। ঐ বিদ্যালয়ে শিক্ষার্থীর সংখ্যা কত হলো?

সমাধান :

বিদ্যালয়ে শিক্ষার্থীর ছিল ৭৮৫ জন

বিদ্যালয়ে থেকে চলে ১৪২ জন শিক্ষার্থী চলে গেলে শিক্ষার্থী থাকে (৭৮৫ – ১৪২) জন

= ৬৪৩ জন

নতুন শিক্ষার্থী ভর্তি হলো ২৫০ জন।

বর্তমানে ঐ বিদ্যালয়ে শিক্ষার্থীর সংখ্যা (৬৪৩ + ২৫০) জন

= ৮৯৩ জন

সুতারাং বিদ্যালয়ে শিক্ষার্থীর সংখ্যা ৮৯৩ জন।

৮। বিজয় দিবসে স্কুল সাজাতে প্রমা, রিমি ও মনীষা ৭০টি পতাকা বানাল। দেখা গেল প্রমা রিমির চেয়ে ৫টি পতাকা বেশি বানিয়েছে। আবার মনীষা প্রমার চেয়ে ৬টি পতাকা বেশি বানিয়েছে। তারা প্রত্যেকে কে কয়টি পতাকা বানিয়েছে?

সমাধান :

প্রমা রিমির চেয়ে ৫টি পতাকা বেশি বানিয়েছে।

আবার, মনীষা প্রমার চেয়ে ৬টি পতাকা বেশি বানিয়েছে।

অতএব, মনীষা রিমির চেয়ে (৫ + ৬)টি বা ১১টি পতাকা বেশি বানিয়েছে।

∴ মনীষা ও প্রমা দুজনে মিলে রিমির চেয়ে (১১ +৫) টি বা ১৬ পতাকা বেশি বানিয়েছে।

∴ (৭০ – ১৬)টি বা ৫৪টি পতাকা তিন জন মিলে সমান সংখ্যক করে বানিয়েছে।

∴ ৫৪টি পতাকার প্রত্যেকে বানিয়েছে (৫৪ ÷ ৩) টি

= ১৮টি করে

∴ রিমি পতাকা বানিয়েছেন ১৮টি

www.OnLineCoaching.com.bd

প্রমা পতাকা বানিয়েছেন (১৮ + ৫)টি
=২৩টি
এবং মনীষা পতাকা বানিয়েছে (২৩ + ৬)টি
= ২৯টি
সুতারাং রিমি ১৮টি, প্রমা ২৩টি এবং মনীষা ২৯টি।

৯। মীনার নিকট ৪৫৯৮৭ টাকা আছে। রাজুর নিকট মীনা অপেক্ষা ৮২৫০ টাকা কম আছে। রনির নিকট রাজুর অপেক্ষা ৯৮৫ টাকা বেশি আছে। তিন জনের মোট কত টাকা?

সমাধান :
মীনার নিকট আছে ৪৫৯৮৭ টাকা
রাজুর নিকট মীনা অপেক্ষা ৮২৫০ টাকা কম আছে।
∴ রাজুর নিকট আছে (৪৫৯৮৭ – ৮২৫০) টাকা
= ৩৭৭৩৭ টাকা
রনির নিকট রাজু অপেক্ষা ৯৮৫ বেশি আছে।
∴ রনির নিকট আছে (৩৭৭৩৭ + ৯৮৫) টাকা
= ৩৮৭২২ টাকা
তিন জনের মোট আছে (৪৫৯৮৭ + ৩৭৭৩৭ + ৩৮৭২২) টাকা
= ১২২৪৪৬ টাকা
সুতারাং তিন জনের আছে ১২২৪৪৬ টাকা।

৯। চারটি সংখ্যার যোগফল ৪৬৮৫২০। প্রথম দুইটি সংখ্যা ৭৩৫৮৪ ও ৬৪২০৯। তৃতীয় সংখ্যাটি প্রথম সংখ্যা অপেক্ষা ৯৪৮৫ কম। চতুর্থ সংখ্যাটি কত?

সমাধান :
প্রথম সংখ্যাটি ৭৩৫৮৪
দ্বিতীয় সংখ্যাটি ৬৪২০৯
তৃতীয় সংখ্যাটি প্রথম সংখ্যা হতে ৯৪৮৫ কম।
∴ তৃতীয় সংখ্যাটি (৭৩৫৮৪ – ৯৪৮৫)
= ৬৪০৯৯
∴ প্রথম তিনটি সংখ্যার যোগফল = ৭৩৫৮৪+৬৪২০৯+৬৪০৯৯
= ২০১৮৯২
চারটি সংখ্যার যোগফল ৪৬৮৫২০
∴ চতুর্থ সংখ্যাটি = ৪৬৮৫২০ – ২০১৮৯২
= ২৬৬৬২৮
সুতারাং চতুর্থ সংখ্যাটি ২৬৬৬২৮।

www.OnLineCoaching.com.bd

১১। ৯ ডজন পেন্সিলের দাম ১৬২০ টাকা। ১টি পেন্সিলের দাম কত?

সমাধান :

আমরা জানি,

১ ডজন = ১২টি

∴ ৯ ডজন = (১২ × ৯)টি

= ১০৮ টি

এবার,

১০৮ টি পেন্সিলের দাম ১৬২০ টাকা

∴ ১ ,, ,, ,, (১৬২০ ÷ ১০৮) টাকা

= ১৫ টাকা

সুতারাং একটি পেন্সিলের দাম ১৫ টাকা।

১২। ৩৮ হালি কলার দাম ১২১৬ টাকা। ১টি কলার দাম কত?

সমাধান :

আমরা জানি,

১ হালি = ৪টি

∴ ৩৮ হালি = (৩৮ × ৪)টি

= ১৫২ টি

এবার,

১৫২ টি কলার দাম ১২১৬ টাকা

∴ ১ ,, ,, ,, (১২১৬ ÷ ১৫২) টাকা

= ৮ টাকা

সুতারাং একটি কলার দাম ৮ টাকা।

১৩। পিতা ও পুত্রের বয়সের সমষ্টি ৯৬ বছর। পিতার বয়স পুত্রের বয়সের ৩ গুণ হলে, কার বয়স কত?

সমাধান :

পুত্রের বয়স = পুত্রের বয়সের ১ গুণ

পিতার বয়স = পুত্রের বয়সের ৩ গুণ

∴ পিতা ও পুত্রের বয়সের সমষ্টি = পুত্রের বয়সের ৪ গুণ

পুত্রের বয়স = (৯৬ ÷ ৪) বছর

= ২৪ বছর

এবং পিতার বয়স = (২৪ × ৩) বছর

= ৭২ বছর

সুতারাং পিতার বয়স ৭২ বছর এবং পুত্রের বয়স ২৪ বছর।

www.OnLineCoaching.com.bd

১৪। একটি ঝুড়িতে ১৬৮ টি আম আছে। এরূপ ১৫ টি ঝুড়িতে যতগুলো আম আছে তা থেকে মীনাকে ৭৮০ টি এবং রানিকে ৭৫০ টি আম দেওয়া হলো। বাকি আম রাজুকে দেওয়া হলো, রাজু কতটি আম পেল?

সমাধান :

১ টি ঝুড়িতে আম আছে ১৬৮ টি

∴ ১৫ টি ঝুড়িতে আম আছে (১৬৮ × ১৫) টি

=২৫২০ টি

মীনা ও রানিকে আম দেওয়া হলো (৭৮০ + ৭৫০) টি

= ১৫৩০টি

ঝুড়িতে মোট আম আছে ২৫২০ টি

মীনা ও রানিকে দেওয়া হলো ১৫৩০ টি

ঝুড়িতে আম থাকল ৯৯০ টি [বিয়োগ করে]

সুতারাং রাজু পেল ৯৯০টি আম।

১৫। কোনো ভাগ অঙ্কে ভাজ্য ৮৯০৩, ভাজক ৮৭ এবং ভাগশেষ ২৯ হলে, ভাগফল কত?

সমাধান :

আমরা জানি, ভাগফল = (ভাজ্য – ভাগশেষ) ÷ ভাজক

= (৮৯০৩ – ২৯) ÷ ৮৭

= ৮৮৭৪ ÷ ৮৭

= ১০২

সুতারাং ভাগফল ১০২।

এখানে,

৮৭) ৮৮৭৪ (১০২
 ৮৭
 ১৭৪
 ১৭৪
 ০

১৬। কোনো ভাগ অঙ্কে ভাজক ভাগশেষর ১২ গুণ এবং ভাজ্য ৯৮৯৬। ভাগশেষ ৮ হলে, ভাগফল কত?

সমাধান :

দেওয়া আছে, ভাগশেষ = ৮

আবার, ভাজক ভাগশেষের ১২ গুণ

∴ ভাজক = ভাগশেষ × ১২

= ৮ × ১২

= ৯৬

আমরা জানি, ভাগফল =(ভাজ্য – ভাগশেষ) ÷ ভাজক

= (৯৮৯৬ – ৮) ÷ ৯৬

= ৯৮৮৮ ÷ ৯৬

= ১০৩

সুতারাং ভাগফল ১০৩।

এখানে,

৯৬) ৯৮৮৮ (১০৩
 ৯৬
 ২৮৮
 ২৮৮
 ০

www.OnLineCoaching.com.bd

১৭। দুইটি সংখ্যার গুণফল ৬২৭২, একটি সংখ্যার ৪ গুণ ২৫৬ হলে, অপর সংখ্যাটি কত?

সমাধান :

একটি সংখ্যার ৪ গুণ = ২৫৬

∴ সংখ্যাটি = ২৫৬ ÷ ৪

= ৬৪

দেওয়া আছে, দুইটি সংখ্যার গুণফল = ৬২৭২

একটি সংখ্যা = ৬৪

∴ অপর সংখ্যাটি = ৬২৭২ ÷ ৬৪

= ৯৮

সুতারাং অপর সংখ্যাটি ৯৮।

১৮। ২টি গরু ও ৩টি খাসির মূল্য একত্রে ২৫০৮০ টাকা। ১টি খাসির মূল্য ৩৫৬০ টাকা হলে, ১টি গরুর মূল্য কত?

সমাধান :

১ টি খাসির মূল্য ৩৫৬০ টাকা

∴ ৩ টি খাসির মূল্য (৩৫৬০ × ৩) টাকা

= ১০৬৮০ টাকা

২টি গরু ও ৩টি খাসির মূল্য একত্রে ২৫০৮০ টাকা

৩টি খাসির মূল্য ১০৬৮০ টাকা

∴ ২টি গরুর মূল্য ১৪৪০০ টাকা

∴ ১টি ,, ,, (১৪৪০০ ÷ ২) টাকা

= ৭২০০ টাকা

সুতারাং ১টি গরুর মূল্য ৭২০০ টাকা

১৯। ১৪টি চেয়ার ও ৬টি টেবিলের মূল্য একত্রে ১৭৬৫০ টাকা। একটি টেবিলের মূল্য ১২৫০ টাকা। একটি চেয়ারের মূল্য কত?

সমাধান :

১ টি টেবিলের মূল্য ১২৫০ টাকা

∴ ৬ টি টেবিলের মূল্য (১২৫০ × ৬) টাকা

= ৭৫০০ টাকা

১৪টি চেয়ার ও ৬টি টেবিলের মূল্য একত্রে ১৭৬৫০ টাকা

৬টি টেবিলের মূল্য ৭৫০০ টাকা

www.OnLineCoaching.com.bd

∴ ১৪ টি চেয়ারের মূল্য ১০১৫০ টাকা
∴ ১ ,, ,, ,, (১০১৫০ ÷ ১৪) টাকা
= ৭২৫ টাকা

সুতারাং ১টি চেয়ারের মূল্য ৭২৫ টাকা

২০। রাজু ও রনির একত্রে ৬৯০ টি লিচু আছে। রাজু অপেক্ষা রনির ৮৬ টি কম আছে। রাজু ও রনির লিচুর পরিমান কত?

সমাধান :

রাজু অপেক্ষা রনির ৮৬ টি লিচু কম আছে
মোট লিচুর সাথে রনির কম লিচুগুলো যোগ করলে দুই জনের লিচুর পরিমাণ সমান হবে।
অর্থাৎ (৬৯০+৮৬) টি
= ৭৭৬টি

∴ রাজুর আছে (৭৭৬ ÷ ২) টি
= ৩৮৮ টি
∴ রনির আছে (৩৮৮ – ৮৬) টি
= ৩০২ টি

সুতারাং রাজুর ৩৮৮ টি এবং রনির ৩০২ টি লিচু আছে।

২১। ফরিদা ও ফাতেমার বেতন একত্রে ১৯৯৫০ টাকা। ফাতেমার বেতন ফরিদার অপেক্ষা ২৪৫০ টাকা বেশি। ফরিদা ও ফাতেমার প্রত্যেকের বেতন কত?

সমাধান :

ফাতেমার বেতন ফরিদার অপেক্ষা ২৪৫০ টাকা বেশি
মোট টাকা থেকে ফাতেমের বেশি টাকা বাদ দিলে দুই জনের টাকার পরিমান সমান হবে।
অর্থাৎ (১৯৯৫০ – ২৪৫০) টাকা
= ১৭৫০০ টাকা

∴ ফরিদার বেতন (১৭৫০০ ÷ ২) টাকা
= ৮৭৫০ টাকা
∴ ফাতেমার বেতন (৮৭৫০ + ২৪৫০) টাকা
= ১১২০০ টাকা

সুতারাং ফরিদার বেতন ৮৭৫০ টাকা এবং ফাতেমার বেতন ১১২০০ টাকা।

www.OnLineCoaching.com.bd

২২। জালাল সাহেবের মাসিক বেতন ৮৭৬৫ টাকা। তিনি প্রতি মাসে বাড়ি ভাড়া ৩২২৫ টাকা ও অন্যান্য খরচ বাবদ ৪৮৫০ টাকা ব্যয় করেন। বাকি টাকা ব্যাংকে জমা রাখেন। ৮ মাসে তাঁর কত টাকা জমা হয়?

সমাধান :

জালাল সাহেবের মাসিক বেতন ৮৭৬৫ টাকা

তিনি বাড়ি ভাড়া ও অন্যান্য খরচ বাবদ ব্যয় করেন (৩২২৫ + ৪৮৫০) টাকা

= ৮০৭৫ টাকা

∴ তার মাসিক জমা থাকে (৮৭৬৫ – ৮০৭৫) টাকা

= ৬৯০ টাকা

তিনি প্রতি মাসে ব্যাংকে জমা রাখেন ৬৯০ টাকা

∴ ৮ মাসে ব্যাংকে জমা হবে (৬৯০ × ৮) টাকা

= ৫৫২০ টাকা

সুতারাং ৮ মাসে জালাল সাহেবের ৫৫২০ টাকা জমা হবে।

২৩। জাহিদুল হাসান একটি ডিপার্টমেন্টাল সেন্টার থেকে ৪০ কেজি চাল, ২৬৫ টাকার সয়াবিন তেল ও ৫৮৮ টাকার মাছ কিনলেন। প্রতি কেজি চালের দাম ১৮ টাকা। তিনি দোকানদারকে ২০০০ টাকা দিলেন। দোকানদার তাঁকে কত টাকা ফেরত দেবেন?

সমাধান :

১ কেজি চালের দাম ১৮ টাকা

∴ ৪০ কেজি চালের দাম (১৮ × ৪০) টাকা

= ৭২০ টাকা

চাল, সয়াবিন তেল ও মাছ ক্রয় বাবদ খরচ করেন (৭২০ + ২৬৫ + ৫৮৮) টাকা

= ১৫৭৩ টাকা

তিনি দোকানদারকে দিলেন ২০০০ টাকা

∴ দোকানদার তাঁকে ফেরত দেবেন (২০০০ – ১৫৭৩) টাকা

= ৪২৭ টাকা

সুতারাং দোকানদার তাঁকে ফেরত দেবেন ৪২৭ টাকা

www.OnLineCoaching.com.bd

সৃজনশীল ধারায় অতিরিক্ত যোগ্যতাভিত্তিক কাঠামোবদ্ধ প্রশ্নোত্তর।

(উদ্দীপক/Stem) মিলি এক প্যাকেট চকলেট ১২ জন ছেলে মেয়েদেরকে ভাগ করে দিল। এতে প্রত্যেকে ২ হালি করে চকলেট পেল এবং মিলির ৪টি চকলেট অবশিষ্ট থাকল।

(ক) প্রত্যেকে কয়টি চকলেট পেল?
(খ) মিলি ছেলেমেয়েদের মোট কতটি চকলেট দিল?
(গ) ছেলেমেয়েদের সংখ্যা ৫ জন হলে প্রত্যেকে কয়টি করে চকলেট পেত?
(ঘ) ছেলেমেয়েদের সংখ্যা ৫ জন হলে প্রত্যেকে কত হালি বেশি চকলেট পেত?

সমাধানঃ

(ক) ১ হালি = ৪টি
সুতারাং, প্রত্যেকে চকলেট পেল = (৪× ২) টি
= ৮টি

(খ) প্রত্যেকে চকলেট পায় ৮টি
∴ ১২ জন চকলেট পায় (১২ × ৮) টি
= ৯৬টি
সুতারাং মিলি ছেলেমেয়েদের মোট ৯৬টি চকলেট দিয়েছিল।

(গ) কোনো চকলেট অবশিষ্ট না থাকলে প্যাকেটি মোট চকলেট সংখ্যা হতো ৯৬টি।

মিলির প্যাকেটে চকলেট সংখ্যা = (৯৬+৪)টি

=১০০ টি

মোট চকলেট সংখ্যা ১০০ টি
সুতারাং ৫ জনের মধ্যে চকলেটগুলো ভাগ করে দিলে প্রত্যেকে পেত (১০০ ÷ ৫)টি
= ২০টি

(ঘ) ছেলেমেয়েদের সংখ্যা ৫ জন হলে প্রত্যেকে চকলেট বেশি পেত (২০ – ৮)টি
= ১২টি

এখন, ৪টি = ১ হালি
১২টি = (১২ ÷ ৪) হালি
= ৩ হালি
সুতারাং ছেলেমেদের সংখ্যা ৫ জন হলে প্রত্যেকে ৫ হালি চকলেট বেশি পেত।

www.OnLineCoaching.com.bd

<<<<<<<<<<<<<<<<<<<<<<<<<<<<<<<<<<End>>>

OnLineCoaching.com.bd ফ্রি MCQ পরীক্ষা সহ বিভিন্ন প্রোগ্রামগুলো নিম্নে দেওয়া হলোঃ-

(ক) PSC মূল্যায় পরীক্ষা ৮টি, সাব্জেক্ট ফাইনাল ৪টি ও মডেল টেস্ট ৪টি।
(খ) JSC মূল্যায় পরীক্ষা ১৮টি, সাব্জেক্ট ফাইনাল ৯ টি ও মডেল টেস্ট ৯ টি।
(গ) Medical মূল্যায় পরীক্ষা ১০টি, সাব্জেক্ট ফাইনাল ৫টি ও মডেল টেস্ট ১২টি।
(ঘ) Varsity (A, B, C or D) প্রত্যেক ইউনিটে কমপক্ষে মূল্যায় পরীক্ষা ১০টি, সাব্জেক্ট ফাইনাল ৫টি ও মডেল টেস্ট ১২টি।
(ঙ) BCS প্রিলিঃ মূল্যায় পরীক্ষা ১০টি, সাব্জেক্ট ফাইনাল ৬টি ও মডেল টেস্ট ১১টি।

[বি.দ্র.এছাড়াও ফ্রি থাকছে PSC, JSC এর গণিত সমাধান, সাজেশন্স, স্পেশাল মডেল টেস্ট ও প্রশ্ন ব্যাংক।]

www.OnLineCoaching.com.bd